৭

দৈনিক সংবাদ

তারিখ 28 JUN 1994
পৃষ্ঠা ১ কলাম ৫

সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী

# গত ৪ বছরে ৪০ জন ছাত্র নিহত হয়েছে

(সংসদ বার্তা পরিবেশক)

স্বরাষ্ট্রমন্ত্রী আবদুল মতিন চৌধুরী গতকাল সোমবার সংসদে এক প্রশ্নের জবাবে জানিয়েছেন, গত ৪ বছরে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মোট ৪০ জন ছাত্র নিহত হয়েছে। এর মধ্যে '৯১ সালে ৯ জন '৯২ সালে ১০ জন, '৯৩ সালে ২০ জন ও '৯৪ সালের ৩১শে মে পর্যন্ত ১ জন ছাত্র নিহত হয়েছে।

মন্ত্রী বলেন, '৮৫ সাল থেকে '৯০ সাল পর্যন্ত নিহত হয়েছে ১৫ জন ছাত্র। এর মধ্যে '৮৫ সালে ৩ জন, '৮৭ সালে ২

স্বরাষ্ট্রমন্ত্রী : পৃঃ ১২ কঃ ৬

স্বরাষ্ট্রমন্ত্রী : সংসদে

( ১ম পৃষ্ঠার পর )

জন, '৮৯ সালে ৫ জন ও '৯০ সালে ৪ জন। '৮৫ সাল থেকে '৯৪ সালে পর্যন্ত নিহত মোট ৫৫ জন ছাত্রের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৪ জন রয়েছে।